

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দ্বিতীয় সিজদাহ

অতঃপর 'আল্লাহু আকবার' বলে তকবীর দিয়ে তিনি দ্বিতীয় সিজদাহ করতেন। এ বিষয়ে তিনি নামায ভুলকারী সাহাবীকে আদেশ দিয়েও বলেছিলেন, "--- অতঃপর তুমি 'আল্লাহু আকবার' বলবে। অতঃপর এমন সিজদাহ করবে, যাতে তোমার সমস্ত হাড়ের জোড়গুলো (নিজের জায়গায়) স্থির হয়ে যায়।" (আবৃদাউদ, সুনান ৮৫৭ নং,হাকেম, মুস্তাদরাক)

এই তকবীরের সাথেও তিনি কখনো কখনোহাত তুলতেন। (আহমাদ, মুসনাদ, আবূদাউদ, সুনান ৭৩৯নং)
এই সিজদায় তিনি তাই করতেন, যা প্রথম সিজদায় করতেন। অতঃপর তিনি তকবীর দিয়ে সিজদাহ থেকে মাথা
তুলতেন। এ ব্যাপারে তিনি নামায ভুলকারী সাহাবীকে আদেশ দিয়েও বলেছিলেন, "--- অতঃপর তুমি এইরুপ
প্রত্যেক রুকু ও সিজদায় করবে। এইরুপ করলেই তোমার নামায সম্পূর্ণ হবে। অন্যথা যদি এ সবের কিছু তুমি
কম কর, তাহলে সেই পরিমাণে তোমার নামাযও অসম্পূর্ণ থেকে যাবে।" (আহমাদ, মুসনাদ, তিরমিয়ী, সুনান
৩০২, আবৃদাউদ, সুনান ৮৫৬নং)

এই তকবীরের সাথেও তিনি কখনো কখনো 'রফ্য়ে ইয়াদাইন' করতেন। (আহমাদ, মুসনাদ, আবূদাউদ, সুনান ৭৩৯নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2904

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন